‘নির্বাচন কমিশন ভবনের আগুনে ক্ষতির পরিমাণ কম’

নির্বাচন কমিশন ভবনে লাগা আগুনে কিছু ইভিএম ক্ষতিগ্রস্ত হয়েছে। তবে আশঙ্কা অনুযায়ী ক্ষতির পরিমাণ অনেক কম। সোমবার এ কথা জানান ইসির জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগের মহাপরিচালক ব্রিগেডিয়ার জেনারেল মোহাম্মদ সাইদুল ইসলাম।

তিনি বলেন, আগুনে ক্ষতি কম হয়েছে, যা ক্ষতি হয়েছে পানির কারণে। আগামীকাল থেকে এসব ইভিএমের কোয়ালিটি অ্যানালাইসেস করার কথা ছিল।

আগুনের কারণে রংপুর নির্বাচনে কোনো প্রভাব পড়বে কিনা-এমন প্রশ্নে তিনি বলেন, এ বিষয়ে সিদ্ধান্ত নেবে ইসি। রংপুর নির্বাচনে ১৭৫টি কেন্দ্র চালানোর জন্য কি পরিমাণ ইভিএমের প্রয়োজন সে বিষয়ে তদন্ত সাপেক্ষে বোঝা যাবে।

উল্লেখ্য, রবিবার রাত ১১টার পর নির্বাচন কমিশন ভবনের নিচতলায় অগ্নিকাণ্ডের খবর পায় ফায়ার সার্ভিস। ১২টি ইউনিটের চেষ্টায় রাত সাড়ে ১২টায় আগুন নিয়ন্ত্রণে আনে ফায়ার সার্ভিস।